ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০১৬
আগরতলা, ৩০ জুলাই, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জেলার ৩টি রেশম শিল্প কেন্দ্র এলাকায়
৩০.৫০ একর জমিতে তুঁত বাগান করার লক্ষ্যমাত্রা**

চলতি অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলার মোহনপুর, চম্পকনগর ও ডুকলি এই তিনটি রেশমশিল্প কেন্দ্র এলাকার ৭৫টি পরিবারের ৩০.৫০ একর জমিতে তুঁত বাগান করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এরমধ্যে মোহনপুরে ৩০টি, ডুকলি ব্লকে ৫টি ও চম্পকনগরে ৪০টি পরিবারের জমিতে এই তুঁতচাষ করা হবে। ইতিমধ্যে মোহনপুরের ১৭টি, ডুকলি ব্লকের ৫টি এবং চম্পকনগরের ৩৯টি পরিবারের জমিতে তুঁত চারা রোপন করা হয়েছে। গত অর্থবছরে এই তিনটি রেশমশিল্প কেন্দ্র এলাকায় ১৬৫০.৮৫ কেজি রেশমগুটি উৎপাদিত হয়েছিল। রেশম শিল্প দপ্তর থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*******